# মাতৃত্বকালীন ছুটির নীতিমালা
# (Maternity Leave Policy)

১. নীতি **(Principle)**ঃ

মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড দেশের প্রচলিত শ্রম আইন নির্দেশনা অনুযায়ী প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করার লক্ষ্যে অঙ্গীকারাবদ্ধ।

## ছুটির পরিমান ঃ

প্রত্যেক মহিলা শ্রমিক/কর্মচারী প্রসূতি কালীন সর্বমোট ১৬ সপ্তাহ বা ১১২ দিন ছুটি ভোগ করতে পারেন। উক্ত মাতৃত্ত্বকালীন ছুটির মধ্যে সকল প্রকার ছুটি (সাপ্তাহিক ছুটি সহ) অন্তর্ভূক্ত থাকিবে। প্রত্যেক প্রসূতি মহিলা শ্রমিক/কর্মচারী সন্তান প্রসবের পূর্বে ৮(আট) সপ্তাহ অর্থাৎ ৫৬ দিন এবং প্রসবের পরে ৮ (আট) সপ্তাহ অর্থাৎ ৫৬ দিন মাতৃত্ত্বকালীন ছুটি ভোগ করতে পারবেন।

## প্রসূতিকল্যান সুবিধা/পরিশোধ সংক্রান্ত পদ্ধতি ঃ

যে সকল মহিলা শ্রমিক/কর্মচারীর চাকুরীর বয়স ৬ (ছয়) মাস পূর্ণ হয়েছে শুধু মাত্র সেই সকল মহিলা শ্রমিক/ কর্মচারীগণ মাতৃত্ত্বকালীন ছুটির সুবিধা ভোগ করতে পারবেন।

কোন মহিলা শ্রমিকের তাহার সন্তান প্রসবের সময় তাহার দুই বা ততোধিক সন্তান জীবিত থাকে তাহলে উক্তরূপ সুবিধা প্রদেয় হইবে না তবে এক্ষেত্রে ছুটি পাওয়ার অধিকারী হইবেন।

কর্তৃপক্ষ কোন অন্তঃসত্ত্বা মহিলা শ্রমিক/কর্মচারীর লিখিত নোটিশ দেওয়ার পর রেজিষ্টার্ড চিকিৎসকের নিকট প্রত্যয়ণ পত্র নেওয়ার পর মালিকের বরাবর নোটিশ প্রদান করার তারিখের পরের তিন কর্মদিবসের মধ্যে প্রসব পূববর্তী আট (৮) সপ্তাহের জন্য প্রদেয় প্রসূতিকল্যান সুবিধা প্রদান করিবেন এবং মহিলা সন্তান প্রসবের প্রমান পেশ করার তারিখ হইতে পরবর্তী তিন কর্ম দিবসের মধ্যে অবশিষ্ট সময়ের জন্য প্রদেয় উক্তরূপ সুবিধা প্রদান করিবেন।

## প্রসূতি কল্যান সুবিধার পরিমান ঃ

প্রসূতি কল্যাণ সুবিধা গড় মজুরী হারে সম্পূর্ণ নগদে প্রদান করিতে হইবে। গড় মজুরী গননার জন্য সংশ্লিষ্ট মহিলা কর্তৃক নোটিশ প্রদানের অব্যবহিত পূর্ববর্তী তিন মাসে তাহার প্রাপ্ত মোট মজুরীকে উক্ত সময়ে তাহার মোট প্রকৃত কাজের দিনগুলি দ্বারা ভাগ করিতে হইবে।

কোন মহিলা শ্রমিক মালিককে নোটিশ দেওয়ার পূর্বেই যদি সন্তান প্রসব করে থাকেন তা হলে সন্তান প্রসবের প্রমান পেশ করিবার পরবর্তী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে উক্ত সময়ের জন্য প্রদেয় প্রসূতি কল্যাণ সুবিধাসহ প্রসব পরবর্তী আট সপ্তাহ পর্যন্ত অনুপস্থিত থাকার অনুমতি দেওয়া হয়।

## মহিলার মৃত্যুর ক্ষেত্রে প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান ঃ

যদি কোন মহিলা শ্রমিক/কর্মচারী সন্তান প্রসবকালে অথবা দ্বিতীয় বা পরবর্তী কিস্তির টাকা উত্তোলনের পূর্বে মৃত্যুবরণ করেন তাহলে উক্ত শ্রমিক/কর্মচারী কর্তৃক মনোনীত ব্যক্তিকে তাহার দ্বিতীয় কিস্তির টাকা পরিশোধ করা হয়ে থাকে।

## পদ্ধতি ঃ

০১। কোন মহিলা শ্রমিক গর্ভবতী হলে প্রথমে কল্যাণ কর্মকর্তাকে মৌখিকভাবে অবহিত করেন।

০২। কল্যাণ কর্মকর্তা তার গর্ভধারণের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অর্থাৎ ডাক্তারী পরীক্ষার জন্য কারখানায় নিয়োজিত ডাক্তারের কাছে নিয়ে যান।

০৩। ডাক্তারী পরীক্ষায় নিশ্চিত হওয়ার পর কল্যাণ কর্মকর্তা উক্ত গর্ভবতী শ্রমিকের নাম "গর্ভবতী" মহিলাদের নামের তালিকা ও চিকিৎসা রেজিষ্টারে" লিপিবদ্ধ করেন।

০৪। নাম লিপিবদ্ধ করার পর টাইম সেকশন ও তার বিভাগের সকলকে অবহিত করেন এবং তাকে গর্ভবতী ব্যাচ পড়িয়ে দেওয়া হয়। তাকে দিয়ে ভারী কোন কাজ না করানোর জন্য ফ্লোর ম্যানেজমেন্টকে অবহিত করা হয় এবং তিনি ইচ্ছে করলে প্রতিদিন নির্দিষ্ট কর্ম সময়ের পর কর্মস্থল ত্যাগ করতে পারেন।

০৫। কল্যাণ কর্মকর্তা প্রসবের সম্ভাব্য তারিখ অনুযায়ী ডাক্তার কর্তৃক সার্টিফিকেট পাওয়ার ব্যবস্থা করেন।

| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
|---|---|---|
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

০৬। মহিলা শ্রমিক মাতৃত্বকালীন ছুটির জন্য আবেদন করলে তাকে প্রসবের পূর্বে ৮ সপ্তাহ এবং প্রসবের পরে ৮ সপ্তাহ ছুটির অনুমোদন প্রদান করা হয়।

০৭। কল্যাণ কর্মকর্তা মহিলা শ্রমিকের Maternity Benefit Payment হিসেব করে তা অডিট ডিপার্টমেন্ট দ্বারা চেক করিয়ে Maternity Benefit Payment Sheet তৈরী করেন।

০৮। ছুটিতে যাওয়ার দিন গর্ভবতী মহিলা শ্রমিককে তার চলতিমাসের বেতনসহ প্রসূতি কল্যাণ/মাতৃকল্যান সুবিধার যাবতীয় পাওনাদি নগদ বুঝিয়ে দেওয়া হয়।

০৯। মহিলা শ্রমিকদের অবর্তমানে দ্বিতীয় কিস্তির টাকা নেওয়ার জন্য নমিনী ফর্ম পূরণ করা হয়ে থাকে।

১০। কাজে যোগদানের তিন দিনের মধ্যে দ্বিতীয় কিস্তির টাকা পরিশোধ করা হয়ে থাকে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |